গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা ও দায়রা জজ এর কার্যালয়, লক্ষ্মীপুর।

(প্রশাসনিক শাখা)

স্মারক নং- ১১৫ (৭)/ই, তারিখ : ২৯/০৩/২০১৭ ইং

প্রেরক : জেলা ও দায়রা জজ
লক্ষ্মীপুর।

প্রাপক : ১। অতিরিক্ত জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
২। যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম/২য় আদালত, লক্ষ্মীপুর।
৩। বিচারক(যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, লক্ষ্মীপুর।
৪। সিনিয়র সহকারী জজ,সদর, লক্ষ্মীপুর।
৫। সহকারী জজ, রায়পুর/রামগঞ্জ, লক্ষ্মীপুর।

বিষয় : লক্ষ্মীপুর জজশীপের আওতাধীন পুরাতন মুন্সেফী আদালতের মালিকানাধীন বেদখলীয় জমির দখল পুনরুদ্ধার সহ আদালতের জমি সুরক্ষিত রাখার বিষয় সংক্রান্ত সভায় অংশগ্রহন প্রসংগে।

সূত্র : বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর ২৮/০২/২০১৭ ইং তারিখের ০৬/২০১৭ এ নং সার্কুলার এবং দৈনিক সমকাল পত্রিকার বিগত ০৩/০৩/২০১৭ ইং তারিখের রির্পোটের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানাইতেছি যে, দৈনিক সমকাল পত্রিকায় বিগত ০৩/০৩/২০১৭ ইং তারিখে লক্ষ্মীপুর জজশীপের পুরাতন মুন্সেফী আদালতের মালিকানাধীন জমি অবৈধ দখল সংক্রান্তে রির্পোট প্রকাশ করা হয়। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর ২৮/০২/২০১৭ ইং তারিখের ০৬/২০১৭ এ নং সার্কুলার মোতাবেক সারাদেশে অধস্তন আদালত সমূহের মালিকানাধীন জমির সীমানা প্রাচীর নির্মাণ পূর্বক সুরক্ষিত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করিয়াছেন। উহার ধারাবাহিকতায় এবং অত্রকার্যালয়ের নেজারত বিভাগের ভারপ্রাপ্ত জজ এর বিগত ০৫/০৩/২০১৭ ইং তারিখের ৩৫/এন নং স্মারকে প্রেরিত প্রতিবেদন এবং গণপূর্ত বিভাগের বিগত ১৩/০৩/২০১৭ ইং তারিখের পূর্ত-লক্ষ্মী/২৪৫ নং স্মারকে প্রেরিত পুরাতন মুন্সেফী আদালতের জমি ব্যবহার সম্পর্কে দাখিলী প্রতিবেদনের প্রেক্ষিতে লক্ষ্মীপুর জজশীপের আওতাধীন পুরাতন মুন্সেফী আদালতের বেদখলীয় জমির দখল পুনরুদ্ধার সহ আদালতের জমি সুরক্ষিত রাখার বিষয়ে প্রয়োজনীয় ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার নিমিত্ত অত্র জজশীপের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত সকল ম্যাজিস্ট্রেটগণ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লক্ষ্মীপুর, বিজ্ঞ পি.পি ও বিজ্ঞ জি.পি, সভাপতি ও সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, লক্ষ্মীপুর এবং প্রাক্তন সভাপতি জনাব এড. হাফিজুর রহমান ও প্রাক্তন সম্পাদক জনাব এড. নূর উদ্দিন চৌধুরী নয়ন, জেলা আইনজীবী সমিতি, লক্ষ্মীপুর সমন্বয়ে জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে আগামী ০৫/০৪/২০১৭ ইং তারিখ রোজ বুধবার বিকাল ৪.৩০ ঘটিকার সময় এক সভা অনুষ্ঠিত হইবে। উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

(ড.এ,কে,এম,আবুল কাশেম)
জেলা ও দায়রা জজ,
লক্ষ্মীপুর।
২৯/০৩/১৭